



পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ

(রেজিস্টার্ড :- পশ্চিমবঙ্গ সোসাইটি রেজিস্ট্রেশন অ্যাক্ট XXVI, 1961)

রেজিস্ট্রেশন নং-এস/৫৫৬৯৩ (১৯৮৭-১৯৮৮ বর্ষে)

১৬২ -বি, আচার্য্য হুগলী চক্র বসু রোড, কলকাতা-৭০০ ০১৪

৫ম তল, রুম নং: ৪০১ ও ৪০২

E-mail: pbvmancha@gmail.com

Website : http://www.pbvm.org.in

পত্রাক :

তারিখ :

পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের আবেদন আমফানে ক্ষতিগ্রস্তদের সাহায্যের জন্য মুক্তহস্তে দান করুন

সারা বিশ্বের সাথে আমাদের দেশ এবং রাজ্যে কোভিড-১৯ সংক্রমণে আক্রান্তের সংখ্যা ও মৃত্যুর সংখ্যা প্রতিদিন বাড়ছে। কোভিড-১৯ সংক্রমণ প্রতিরোধে পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চ তার সাধ্য অনুযায়ী সারা রাজ্য জুড়ে সচেতনতার প্রচার, স্যানিটাইজার, সাবান, মাস্ক, রান্না করা খাবার ও শুকনো খাবার বিলি সহ নানা ধরনের কর্মসূচি ইতিমধ্যে গ্রহণ করেছে - যার আর্থিক মূল্য আনুমানিক এক কোটি টাকা। অগণিত বিজ্ঞান কর্মী ও সাধারণ মানুষের স্বেচ্ছাশ্রম ও অর্থদানের মধ্য দিয়ে এই কাজ সম্পন্ন হয়েছে। আমরা তাঁদের কাছে কৃতজ্ঞ। এই কাজ আমাদের চালিয়ে যেতে হবে।

কোভিড-১৯ অতিমারীর এই চরম সংকটের সময়ে পশ্চিমবঙ্গে ভয়ঙ্করতম ঘূর্ণিঝড়, আমফানে মারাত্মকভাবে ক্ষতিগ্রস্ত দক্ষিণবঙ্গের বিস্তীর্ণ অঞ্চলের মানুষ। ক্ষয়ক্ষতির পরিমাণ বিপুল। সবচেয়ে ক্ষতিগ্রস্ত দক্ষিণ ও উত্তর ২৪ পরগণা, পূর্ব মেদিনীপুর ও কলকাতা জেলা। ক্ষতি হয়েছে হাওড়া, হুগলী, পশ্চিম মেদিনীপুর, পূর্ব বর্ধমান, নদীয়া, মুর্শিদাবাদ সহ দক্ষিণবঙ্গের বেশ কয়েকটি জেলার। কয়েক কোটি মানুষ ক্ষতিগ্রস্ত। লক্ষ লক্ষ বাড়ী সম্পূর্ণ বা আংশিকভাবে ভেঙে পড়েছে। প্রাণ গেছে ৮-৬ জন মানুষের। লক্ষ লক্ষ গাছ ও বিজলীস্তুস্ত ভেঙে পাড়ায় বিস্তীর্ণ এলাকা যোগাযোগ বিচ্ছিন্ন, বিদ্যুৎহীন, বৃষ্টির কারণে জলমগ্ন বিস্তীর্ণ অঞ্চল, টেলিফোন ও ইন্টারনেট বিচ্ছিন্ন, কোথাও বা নদীবাধ ভেঙে বণ্যা। পানীয় জল ও খাবারের হাহাকার, নেই মাথা গোঁজার ঠাই। কৃষকের ফসল, সবজি, ফল-ফুলের বাগিচা, মাছ চাষের ব্যাপক ক্ষতি। ক্ষতিগ্রস্ত সুন্দরবনের জীববৈচিত্র্য। বিপর্যস্ত জীবন ও জীবিকা। তাই দুর্গত মানুষদের ত্রাণ, পুনর্বাসন ও পুনর্গঠনের জন্য চাই প্রচুর অর্থ, নানা সামগ্রী। সরকারকেই মূল দায়িত্ব নিতে হবে। ক্ষতিগ্রস্ত এলাকায় পশ্চিমবঙ্গ বিজ্ঞান মঞ্চের জেলা কমিটিগুলি যথাসাধ্যভাবে এই সমস্ত দুর্গত মানুষদের সাহায্যের জন্য উদ্যোগ গ্রহণ করেছে। রাজ্যের বিজ্ঞান কর্মী ও সাধারণ মানুষের কাছে বিজ্ঞান মঞ্চের বিনীত আবেদন আপনারা সাধ্যমত অর্থ ও প্রয়োজনীয় সামগ্রী সাহায্য করে এই দুর্গত মানুষদের পাশে দাঁড়ান।

অর্থ (চেক বা ব্যাঙ্ক ট্রান্সফার) পাঠাবার জন্য

Ac Name: Paschim Banga Vigyan Mancha

Ac No.: 402410100017470

Bank: Bank of India, Maulali Branch

IFSC No.: BKID0004024

*Please send the transfer information to the e-mail id - pbvmancha@gmail.com,

mppradip12@gmail.com or sms/WA to 8017682817, 9434437900.

ধন্যবাদ ও অভিনন্দনসহ-

২৩ মে ২০২০
কলকাতা - ১৪

সুবিমল সেন
সভাপতি

সত্যজিৎ চক্রবর্তী
কার্যকরী সভাপতি

প্রদীপ মহাপাত্র
সাধারণ সম্পাদক